# স্নাতকস্তরের সেন্ট্রালাইজড অনলাইন অ্যাডমিশন

পশ্চিমবঙ্গ রাজ্য উচ্চশিক্ষা সংসদের একটি প্রচেষ্টা।

## একাধিক বার জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## কলেজ সম্পর্কিত অনুসন্ধান

প্র.১. নিবন্ধীকরণের পর একজন আবেদনকারী কিভাবে কোনো কোর্স এবং কোনো কলেজের জন্য আবেদন করবে?
উ.১. আবেদনকারী যে কোনো পছন্দসই কলেজে **উপলব্ধ** নির্দিষ্ট **কোর্সে** আবেদন করতে পারে।

প্র.২. একাধিক কোর্স এবং একাধিক শিক্ষাপ্রতিষ্ঠান থেকে বাছাই করবার সময়ে, আবেদনকারী কিভাবে তার **প্রেফারেন্স লিস্ট** তৈরি করবে?
উ.২. একাধিক কোর্স এবং একাধিক শিক্ষাপ্রতিষ্ঠান থেকে বাছাই করবার সময়ে আবেদনকারী নিজের **প্রেফারেন্স অনুযায়ী** ঐগুলির একটি **ক্রমিক** তালিকা প্রস্তুত **করবে**। আবেদনকারীর মেরিট ইনডেক্স উপর ভিত্তি করে তৈরি মেরিট **র‍্যাঙ্কের** এবং তার দেওয়া **প্রেফারেন্স লিস্ট** -এই দুয়ের উপর নির্ভর করবে তার আসন পাওয়ার সম্ভাবনা।

প্র.৩. কোনো নির্দিষ্ট কলেজে, কোনো কোর্সের এলিজিবিলিটি ক্রাইটেরিয়া বিষয়ে আবেদনকারী কিভাবে জানতে পারবে?
উ.৩. পোর্টালে ঐ নির্দিষ্ট কলেজ বা শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট দেখে নিয়ে, তবেই আবেদনকারী নিজের **প্রোফাইল** তৈরি করবে। ঐ **প্রোফাইল** যদি **সফলভাবে** তৈরি করা এবং সাবমিট করা **হলে,** যে কোনো জেলার, যে কোনো বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ যে কোনো কলেজে, কোনো কোর্স বা প্রোগ্রামে ভর্তির ব্যাপারে আবেদনকারীর এলিজিবিলিটি ,পোর্টাল নিজেই চেক করে নেবে। এলিজিবিলিটি র বিষয়টি কোর্স/ প্রোগ্রাম এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের দ্বারা নির্ধারিত।

প্র.৪. কলেজে ডকুমেন্ট ভেরিফিকেশনে কাজটি কখন হবে?
উ.৪. ভর্তি-হওয়া ছাত্রছাত্রীদের তথ্য অ্যাডমিশন পোর্টালের মাধ্যমে নির্দিষ্ট

কলেজে/উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে চলে যাবে। ঐ কলেজ/উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে তখন ইমেল/ এস এম এস/ ওয়েবসাইট নোটিফিকেশনের মাধ্যমে জানিয়ে দেবে যে, কবে ,কখন কোন আবেদনকারীর ক্রেডেনশিয়ালের ভেরিফিকেশন হবে।

।।কোর্স সম্পর্কিত অনুসন্ধান।।

প্র.১. সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে কোন কোন কোর্সগুলো প্রাপ্তব্য?
উ.১. ৪ বছরের বি.এ./বি. এসসি./ বি. কম. সাম্মানিক / গবেষণা সহ সাম্মানিক এবং ৩ বছরের মালটিডিসিপ্লিনারি প্রোগ্রাম, বি. সি. এ., বিবিএ, বি. এমএল. টি এবং বি. ভোক. কোর্সগুলো পোর্টালে পাওয়া যাবে।

প্র.২. আবেদনকারী কিভাবে জানবে যে কোন কোর্সের জন্য কিভাবে আবেদন করতে হয়?
উ.২. সমগ্র পশ্চিমবঙ্গের বিশ্ববিদ্যালয়গুলিতে/ কলেজগুলিতে জেলাভিত্তিক এবং বিষয়ভিত্তিক আসনের প্রাপ্তব্য সংখ্যা অনুযায়ী আবেদনকারী তার আগ্রহের কোর্সগুলো সম্পর্কে খোঁজখবর এবং আবেদন করতে পারে।

প্র.৩. পোর্টালে ভর্তিপ্রক্রিয়া এবং নিবন্ধীকরণ শুরু হ'বার আগে কি আবেদনকারী কোর্স বিষয়ে খোঁজখবর করতে পারে?
উ.৩. হ্যাঁ। পোর্টালে নিবন্ধীকরণের আগেই একজন আবেদনকারী কলেজগুলো এবং বিশ্ববিদ্যালয়গুলোতে কোর্স বিষয়ে খোঁজখবর করতে পারে এবং সমস্ত দরকারী বিষয়, যথা কোর্সভিত্তিক যোগ্যতামান, শূন্য আসনসংখ্যা , মেরিট -ইনডেক্স নির্ণয় বিষয়ক সূত্র, প্রথম অর্ধশিক্ষাবর্ষে কি কি বিষয় পড়া যাবে, কলেজের প্রোফাইল- ইত্যাদি বিষয়ে খোঁজখবর করতে পারে।

প্র.৪. কোর্স নির্বাচন এবং কলেজ বা শিক্ষাপ্রতিষ্ঠান নির্বাচনের সময়ে আবেদনকারী কতগুলিকে প্রেফারেন্স দিতে পারে?
উ.৪. সর্বাধিক ২৫ টি কোর্স এবং কলেজ /শিক্ষাপ্রতিষ্ঠানকে আবেদনকারী ক্রমানুসারে প্রেফারেন্স দিতে পারে।

প্র.৫. নিবন্ধীকরণের পর আবেদনকারী কিভাবে কোর্স এবং কলেজে আবেদন করবে?
উ.৫. যে যে কোর্সগুলো যে যে কলেজে / শিক্ষাপ্রতিষ্ঠানে প্রাপ্তব্য, তার মধ্য থেকে আবেদনকারী যে কোনো কলেজ /শিক্ষাপ্রতিষ্ঠান এবং যে কোনো কোর্স নির্বাচন করতে পারবে।

প্র.৬. একাধিক/ মালটিপল কোর্স/ শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রে আবেদনকারী কিভাবে তার প্রায়োরিটি লিস্ট তৈরি করবে?
উ.৬. যে আবেদনকারী একাধিক কোর্সের জন্য আবেদন করবে, তাকে প্রথমে নিজের পছন্দ অনুযায়ী কোর্সগুলোর র‍্যাঙ্ক লিস্ট তৈরি করতে হবে। আসন পাওয়া যাবে মেরিট লিস্ট অনুযায়ী - যে মেরিট লিস্ট তৈরি হয়েছে আবেদনকারীর মেরিট র‍্যাঙ্ক এবং তার প্রেফারেন্স অনুসারে।

প্র.৭. আবেদনকারী যে যে বিষয়গুলো অপ্ট করেছে মেজর এবং মাইনর কোর্স-বিষয়ে আবেদন করবার সময়ে সেগুলো কি তাকে এন্টার করতে হবে?
উ.৭. হ্যাঁ। যে আবেদনকারী ৪ বছরের সাম্মানিক এবং গবেষণা -সহ সাম্মানিকের জন্য / ৩ বছরের মাল্টি ডিসিপ্লিনারি কোর্স /প্রোগ্রামের জন্য আবেদন করবে, আবেদন-পদ্ধতি র সময়ে তাকে অবশ্যই তার বিষয়-কম্বিনেশনগুলি (মেজর এবং মাইনর) পছন্দ করে নিতে হবে।

প্র.৮. বি. এড, ল এবং এগ্রিকালচার - এই বিষয়গুলো কি পোর্টালে আছে?
উ.৮. না। বি. এড ,ল এবং এগ্রিকালচার- এই বিষয়গুলো পোর্টালে নেই।

।।জেনারেল অ্যাডমিশন বিষয়ক অনুসন্ধান।।

প্র.১. ইউ জি সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে কারা আবেদন করতে পারবে?
উ.১. যে সব আবেদনকারী উচ্চ-মাধ্যমিক অথবা যে কোনো স্বীকৃত বোর্ড / কাউন্সিল থেকে সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তারা, কয়েকটি নির্দিষ্ট বিধিনিষেধ -সাপেক্ষে ( যথা- কোনো নির্দিষ্ট বিশ্ববিদ্যালয়ে যদি উত্তীর্ণ হ'বার বৎসর বিষয়ে কোনো নিয়ম থাকে) সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে নিজেদের নাম নিবন্ধীকরণ করতে পারবে।

প্র.২. সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে কোনো একটি বা একাধিক কোর্সের জন্য আবেদন করতে গেলে, ১০+২ পরীক্ষায় উত্তীর্ণ হ'বার বৎসর, কী হওয়া উচিৎ?
উ.২. পোর্টালে প্রতিটি কলেজ / বিশ্ববিদ্যালয়ে, প্রতিটি কোর্সের জন্য, পরীক্ষায় উত্তীর্ণ হ'বার (প্রয়োজনীয়)বৎসর উল্লেখ করা আছে।

প্র.৩. সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে কোন কোন কলেজ / বিশ্ববিদ্যালয় যুক্ত নয়?
উ.৩. প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয়, স্বশাসিত কলেজগুলো, মাইনরিটি শিক্ষাপ্রতিষ্ঠান/কলেজগুলো, বি.এড, ল, ফাইন আর্টস এবং পারফর্মিং আর্টস, ক্রাফটস, নাচ-গানের কলেজগুলো/ কোর্স, যে সব কলেজ ইঞ্জিনিয়ারিং - ফার্মাসি- নার্সিং - মেডিকেল কোর্স অফার করছে-- সেগুলো, সেল্ফ ফিনান্সিং কলেজ, প্রাইভেট কলেজ-

এগুলো এই পোর্টালে যুক্ত নয়।

প্র.৪. ইউ. জি. সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে কোন কোন কলেজ/কোর্সগুলো যুক্ত?
উ.৪. ঐ সব কলেজ/প্রোগ্রাম/ কোর্সের তালিকা ইউ. জি.সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের, ডাউনলোড মেনুর হোম
পেজে পাওয়া যাবে।

প্র.৫. মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইউ.জি. কোর্সে অ্যাডমিশনের জন্য আমি কি উক্ত পোর্টাল থেকে আবেদন করতে পারি?
উ.৫. না।

প্র.৬. কোনো নির্দিষ্ট কলেজে/ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হ'তে গেলে কি কোনো প্রবেশিকা পরীক্ষা দিতে হবে?
উ.৬. না।

প্র.৭. যদি আবেদনকারী আগের বছরে কোনো কলেজে ভর্তি হ'য়ে থাকে এবং বর্তমান বছরে সে অন্য কোনো কলেজে নতুন করে ভর্তি হ'তে চায়--তাহলে সেই পদ্ধতিটি কী?
উ.৭. যারা এই বছরে ভর্তি হবে, তাদের ভর্তি-প্রক্রিয়া র সঙ্গে নতুন করে ভর্তি হ'তে চাওয়া ছাত্রছাত্রীর ভর্তি-প্রক্রিয়ার কোনো তফাৎ নেই। তবে এক্ষেত্রে আবেদনকারীকে প্রোফাইল তৈরির সময়ে তার পূর্ববর্তী অ্যাডমিশনের সমস্ত তথ্য পোর্টালে দিতে হবে। নতুন করে ভর্তি হ'বার পর আবেদনকারীকে ফিজিক্যাল ভেরিফিকেশনের সময়ে, নতুন কলেজ অথরিটিকে ,তার পূর্ববর্তী অ্যাডমিশন বিষয়ক সব তথ্য জানাতে হবে এবং দরকারী নথিপত্র জমা দিতে হবে।

প্র.৮. ইউ.জি. সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের মূল কাজগুলো কি কি?
উ.৮.

- আবেদনকারীর নিবন্ধীকরণ এবং প্রোফাইল তৈরি।
- আবেদনকারীর আবেদনপত্র
- আবেদনকারীর আবেনপত্র অনুযায়ী একটি অগ্রাধিকার তালিকা তৈরি করা
- মেধা তালিকা (মেরিট লিস্ট) প্রকাশ করা
- আসন বন্টন করা
- অ্যাডমিশন ফী পেমেন্ট
- প্রভিশনাল অ্যাডমিশন
- আপ গ্রেডেশন করা

প্র.৯. সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে আবেদন করবার পর আবেদনকারীকে কি আবার কলেজে ভর্তির জন্য আবেদন করতে হবে?
উ.৯. না। ইউ.জি. সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে আবেদনকারী একবারই আবেদন করবে। তারপর সে কলেজে জানাবে, যে, তার অনলাইন প্রভিশনাল অ্যাডমিশন সম্পূর্ণ হ'য়ে গেছে-- তারপর ফিজিক্যাল ভেরিফিকেশনের জন্য তাকে উক্ত কলেজে ডাকা হবে।

প্র.১০. কোন তারিখ থেকে কোন তারিখের মধ্যে আবেদন করতে হবে-- এটা আবেদনকারী কিভাবে জানবে?
ঈ.১০. এই তারিখের বিষয়টা খবরের কাগজের বিজ্ঞাপনে, সোশ্যাল মিডিয়ায় জানানো হবে। ইউ.জি. সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের হোম পেজে, 'নোটিশ বোর্ড' ট্যাবেও এই তথ্য দেওয়া থাকবে।

প্র.১১. অনলাইন অ্যাডমিশন পদ্ধতিতে আবেদন করবার প্রাথমিক ধাপগুলো কি ?
উ.১১. প্রথমে আবেদনকারীকে নিবন্ধীকরণ করতে হবে। তখন তাকে একটি লগ ইন আইডি ও পাসওয়ার্ড দেওয়া হবে। পোর্টালে লগ ইন করে , অনলাইন অ্যাপ্লিকেশন ফর্মে প্রোফাইল তৈরির সময়ে এই দুটির দরকার হবে।
অ্যাপ্লিকেশন ফর্ম ফিলআপ করবার পরের ধাপে আবেদনকারী কোর্স এবং কলেজ নির্বাচন করবে এবং কোর্স ও কলেজ বিষয়ে একটা প্রেফারেন্স লিস্ট সাবমিট করবে।

প্র.১২. আবেদন করবার সময়ে কি কি ডকুমেন্ট লাগবে?
উ.১২.
- জন্মতারিখের প্রমাণপত্রের স্ক্যানড কপি ( পিডিএফ ;≤ 2 MB)
- 10+2 র রেজিস্ট্রেশন সার্টিফিকেটের স্ক্যানড কপি (পিডিএফ; 2MB)
- 10 য়ের মার্কশিটের স্ক্যানড কপি (পিডিএফ;2 MB)
- 10+2 মার্কশিটের স্ক্যানড কপি (পিডিএফ ; 2MB)
- সোশ্যাল ক্যাটিগরি সার্টিফিকেটের স্ক্যানড কপি, যদি প্রাসঙ্গিক হয় (পিডিএফ; 2 MB)
- PWD সার্টিফিকেটের স্ক্যানড কপি, যদি প্রযোজ্য হয় (পিডিএফ ; 2 MB)
- EWS সার্টিফিকেটের স্ক্যানড কপি, যদি প্রযোজ্য হয় (পিডিএফ ; 2 MB)
- আবেদনকারীর স্ক্যানড ফোটোগ্রাফ (পিডিএফ ; 2 MB)
- আবেদনকারীর স্ক্যানড স্বাক্ষর ( পিডিএফ ; 2 MB )
- স্ক্যান করা ব্যাঙ্কের পাসবুক/ ক্রসড চেক/
ব্যাঙ্ক স্টেটমেন্ট (পিডিএফ ; 2 MB)
- বৈধ ফোটো আই ডি প্রুফের স্ক্যানড কপি (পিডিএফ ; 2 MB)
- জেলা/রাজ্য/ন্যাশনাল/ইন্টারন্যাশনাল স্তরে খেলা- র সার্টিফিকেটের স্ক্যানড কপি--

যদি আবেদনকারীর এইধরণের সার্টিফিকেট থাকে (পিডিএফ ; 2 MB)

প্র.১৩. EWS সার্টিফিকেট কে ইস্যু করতে পারেন? ইনকাম সার্টিফিকেটের দরকার আছে কি?
উ.১৩. ইনকাম সার্টিফিকেটের দরকার নেই।
জেলার ম্যাজিস্ট্রেট / সাব ডিভিশনাল অফিসার/ মিউনিসিপ্যাল কর্পোরেশন EWS সার্টিফিকেট ইস্যু করতে পারে।

প্র.১৪. অ্যাপ্লিকেশন ফর্ম ভরতে আধার কার্ডের নম্বর লাগে?
উ.১৪. হ্যাঁ, অ্যাপ্লিকেশন ফর্ম ভরতে আধার কার্ডের নম্বর লাগে।

প্র.১৫. নিবন্ধীকরণের সময় মোবাইল নম্বর দেওয়া কি বাধ্যতামূলক?
উ.১৫. হ্যাঁ।

প্র.১৬.একই মোবাইল নম্বর কি একাধিক আবেদনকারী ব্যবহার করতে পারে?
উ.১৬. না।

প্র. ১৭.আবেদনকারীর ইমেল আইডি থাকা কি বাধ্যতামূলক?
উ.১৭.হ্যাঁ।

প্র.১৮. একই মেল আইডি কি একাধিক আবেদনকারী ব্যবহার করতে পারে?
উ.১৮.না।

প্র.১৯. নিবন্ধীকরণের পর আবেদনকারী কিভাবে লগ ইন করবে?
উ.১৯.নিবন্ধীকরণের সময়ে আবেদনকারীকে একটি লগ ইন আইডি ও পাসওয়ার্ড দেওয়া হবে, যেটা সে পরে ব্যবহার করবে।

প্র.২০.নিবন্ধীকরণের পর একজন আবেদনকারী কিভাবে কোর্স এবং কলেজের জন্য আবেদন করবে?
উ.২০. কোনো পছন্দসই কোর্স (যে কোর্সগুলো প্রাপ্তব্য, তার মধ্যে থেকে, যেটা সে সার্চ অপশন দিয়ে অথবা ট্যাব থেকে দেখে নেবে) এবং পছন্দের কলেজের জন্য আবেদনকারী আবেদন করবে।

প্র.২১. একাধিক কোর্স এবং একাধিক কলেজের মধ্যে থেকে আবেদনকারী কিভাবে তার অগ্রাধিকার তালিকা তৈরি করবে?

উ২১. যে আবেদনকারী একাধিক কোর্সের জন্য আবেদন করবে, তাকে প্রথমে নিজের পছন্দ অনুযায়ী র্যাঙ্ক লিস্ট তৈরি করতে হবে।
আসন পাওয়া যাবে মেরিট লিস্ট অনুযায়ী, যে
মেরিট লিস্ট তৈরি হয়েছে আবেদনকারীর মেরিট র্যাঙ্ক এবং তার দেওয়া প্রেফারেন্স লিস্ট অনুসারে।

প্র.২২. আবেদনকারী কি প্রেফারেন্স লিস্ট বদলাতে পারে? বা, এডিট করতে পারে?
উ.২২. যতদিন না অ্যাপ্লিকেশন উইন্ডো বন্ধ হচ্ছে, ততদিন আবেদনকারী অনেকবার প্রেফারেন্স লিস্ট বদলাতে পারে, সেখানে কোনো কোর্স যোগ করতে পারে, বাদ দিতে পারে, এডিট করতে পারে,এমনকি পুরো লিস্ট নতুনভাবে উপস্থাপন করতে পারে।

প্র.২৩. আবেদন করবার সময়ে আবেদনকারীকে তার পছন্দের কোর্সের জন্য অপ্ট করা সাবজেক্ট কম্বিনেশন (মেজর এবং মাইনর) কি এন্টার করতে হবে?
উ.২৩. যে আবেদনকারী ৪ বছরের সাম্মানিক
এবং গবেষণা সহ সাম্মানিকের জন্য আবেদন করবে, অথবা ৩ বছরের মাল্টিডিসিপ্লিনারি কোর্স বা প্রোগ্রামের জন্য আবেদন করবে, তাকে আবেদনপত্র প্রসেস-য়ের সময়ে অবশ্যই সাবজেক্ট কম্বিনেশন (মেজর এবং মাইনর) নির্বাচন করে নিতে হবে।

প্র.২৪. আবেদনকারী তার আবেদনপত্র কিভাবে সাবমিট করবে?
উ.২৪. আবেদনকারীর ড্যাশবোর্ডে, প্রেফারেন্স লিস্টের তলায় একটা SAVE বাটন আছে। ঐ বাটনটিতে ক্লিক করে আবেদনকারী তার সব প্রেফারেন্স সেভ করে রাখবে। অ্যাপ্লিকেশন উইন্ডো র ক্লোজারের
সময়ে, প্রোফাইল বিষয়ক তথ্য এবং প্রেফারেন্স লিস্ট সমেত আবেদনকারীর আবেদনপত্র আপনাআপনি সাবমিটেড হ'য়ে যাবে। এরপরে আর কোনো রদবদল করা যাবে না।
অ্যাডমিশন পদ্ধতি চলাকালীন আবেদনকারী যে কোনো সময়ে পোর্টালে লগ ইন করতে পারে এবং তার অ্যাপ্লিকেশন ফর্মটি ডাউনলোড করতে পারে।

প্র.২৫. মেরিট ইনডেক্স কি?
উ.২৫. প্রত্যেক উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের, প্রতিটি কোর্স অনুযায়ী মেরিট ইনডেক্স ক্যালকুলেট করবার একটি নিজস্ব সূত্র আছে, যা পোর্টালে বিশদভাবে ব্যাখ্যা করা থাকে।

প্র.২৬. আবেদনকারী কিভাবে জানতে পারবে যে, একটি বিশেষ কলেজে, কোনো একটি কোর্সের মেরিট ইনডেক্স কি ভাবে ক্যালকুলেট করা হয়?
উ.২৬. এটা পোর্টালে পরিস্কারভাবে বলা থাকে এবং আবেদনকারীর মেরিট ইনডেক্স ক্যালকুলেট করে দেখিয়ে দেওয়া থাকে।

প্র.২৭. মেরিট লিস্ট কিভাবে তৈরি হয়?
উ.২৭. প্রতি কলেজে প্রতি কোর্সের মেরিট লিস্ট থাকে। বেশি মেরিট ইনডেক্স থেকে ক্রমশঃ কম মেরিট ইনডেক্স – এইভাবে মেরিট লিস্ট তৈরি হয়।

প্র.২৮. জেনারেল মেরিট র‍্যাঙ্ক বা GMR কাকে বলে?
উ.২৮. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটি কোর্সে আবেদনকারীর রিজার্ভেশন স্ট্যাটাস বাদ দিয়ে একটি মেরিট লিস্ট তৈরি হয়। তাকে GMR বলে।

প্র.২৯. ক্যাটিগরি মেরিট র‍্যাঙ্ক বা CMR কাকে বলে?
উ.২৯.প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটি কোর্সে রিজার্ভড ক্যাটিগরির আবেদনকারীদের একটি মেরিট লিস্ট তৈরি হয়। তাকে CMR বলে।

প্র.৩০. দুজন আবেদনকারীর মেরিট ইনডেক্স অভিন্ন হলে (ক্যাটিগরি অনুযায়ী), তখন কি হয়?
উ.৩০. এক্ষেত্রে কলেজ / উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব টাই-ব্রেকিং রুল প্রয়োগ করে।

প্র.৩১. অ্যালোকেশন লিস্ট কিভাবে তৈরি হয়?
উ.৩১. (পারিনি)

প্র.৩২. UR এবং PWD ক্যাটিগরির আবেদনকারীদের সীট অ্যালটমেন্ট কিভাবে হয়?
উ.৩২. মেরিট এবং প্রেফারেন্স অনুসারে, উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান / প্রোগ্রাম অনুযায়ী সীট অ্যালটমেন্ট হয়।
UR সীট গুলো আবেদনকারীর সোশ্যাল ক্যাটিগরি – নিরপেক্ষ ভাবে অ্যালোকেটেড হয়।
PWD আবেদনকারীরা তাদের জন্য বরাদ্দ সীটেই অ্যালোকেটেড হয়।
অন্যান্য আবেদনকারীরা UR সীটেই অ্যালোকেটেড হয়।

প্র.৩৩. রিজার্ভড ক্যাটিগরির সীট অ্যালটমেন্ট কিভাবে হয়!
উ.৩৩.
(পারিনি।)

প্র.৩৪. PWD এবং Differently abled আবেদনকারীদের র‍্যাঙ্কিং কিভাবে হয়?
উ.৩৪. PWD এবং Differently abled আবেদনকারীদের জন্য কোনো পৃথক র‍্যাঙ্ক বরাদ্দ নেই । এদের জন্য সব ক্যাটিগরিতেই সরকারী নিয়ম (ইন ফোর্স) অনুযায়ী

হরাইজন্টাল রিজার্ভেশন থাকে। প্রত্যেক কোর্সের PWD লিস্ট ক্যাটিগরি ওয়াইজ প্রকাশিত হয়

প্র.৩৫. স্পোর্টস ক্যাটিগরির জন্য কোনো রিজার্ভেশন আছে?
উ.৩৫. না পোর্টালে স্পোর্টস ক্যাটিগরির জন্য কোনো রিজার্ভেশন নেই।

প্র.৩৬. যে অ্যাপ্লিকেশন ফর্ম এন্টার করা হয়েছে, আবেদনকারী কি সেখানে কোনো তথ্য বদলাতে বা এডিট করতে পারে?
উ.৩৬. হ্যাঁ। নিবন্ধীকরণের সময় যে তথ্য দেওয়া হয়েছে, তা বাদে শেষ সাবমিশনের দিনটি পর্যন্ত সব তথ্যই এডিট করা যায়। তবে যদি প্রাপ্ত নম্বর এবং মাতৃভাষা বিষয়ক তথ।য এডিট করা হয়, তখন আবেদনকারীর কাছে একটি মেসেজ আসে। সেখানে বলা হয়, যে, আবেদনকারীর আগের প্রেফারেন্স লিস্ট ডিলিটেড হয়ে গেল, এবং আবেদনকারীকে নতুনভাবে প্রেফারেন্স লিস্ট তৈরি করতে হবে।

প্র.৩৭. নিবন্ধীকরণের সময়ে যদি আবেদনকারী এমন কোনো ভুল করে-- যা এডিট করা যায় না (যথা- রেজিস্ট্রেশন নম্বর, পাসিং ইয়ার, ইমেল আইডি, মোবাইল নম্বর, কাস্ট ক্যাটিগরি), সেক্ষেত্রে কি হয়?
উ.৩৭. তখন আবেদনকারীকে ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব হায়ার এডুকেশনে ফোন করতে হবে (9147052383, 9147052384, 9147052385, ল্যান্ডফোন নম্বর 03323245964 )যাতে আগের নিবন্ধীকরণ বাতিল হয় এবং আবেদনকারী নতুন করে নিবন্ধন করতে পারে।

প্র.৩৮. একজন আবেদনকারী কিভাবে একটি বিশেষ কোর্স বা একটি বিশেষ শিক্ষা প্রতিষ্ঠানের জন্য অ্যালোকেটেড হয়?
উ.৩৮. মেরিট ইনডেক্সে যে আবেদনকারীরা ওপরে রয়েছে, তারা তাদের মেরিট র‌্যাঙ্ক এবং প্রাপ্তব্য আসন সংখ্যার ভিত্তিতে অ্যালোকেটেড হয়।

প্র.৩৯. একজন আবেদনকারী কিভাবে জানতে পারবে, যে, সে কোন কলেজ এবং কোন কোর্সের জন্য নির্বাচিত হয়েছে?
উ.৩৯. আবেদনকারী তার রেজিস্টার্ড মোবাইল ফোনে এসএমএস পাবে, ইমেল অ্যালার্ট পাবে। পোর্টালে লগ ইন করে সে নিজের অবস্থান, মেরিট লিস্ট এবং অ্যালোকেশন লিস্ট দেখতে পারে।

প্র.৪০. নির্বাচিত হ'বার পর আবেদনকারী কিভাবে ভর্তি হবে?
উ.৪০. আবেদনকারী লগ ইন করবে এবং অনলাইনে প্রয়োজনীয় অ্যাডমিশন ফীজ্

জমা দেবে।

প্র.৪১.অ্যাডমিশন ফীজ্ কিভাবে দিতে হবে?
উ.৪১. অনলাইনে ,নেট ব্যাঙ্কিং, ক্রেডিট/ডেবিট কার্ড / Paytm / phone pay তে দিতে হবে।

প্র.৪২. যদি আবেদনকারী তার প্রেফারেন্স লিস্ট অনুযায়ী কোনো কলেজে সুযোগ না পায়, তাহ'লে কি হবে?
উ.৪২. (পারিনি।)

প্র.৪৩.নির্দিষ্ট তারিখের অ্যাডমিশন প্রক্রিয়া শেষ হয়ে গেলে, কোনো ছাত্র/ ছাত্রী এসে কোনো সীট দাবি করতে পারে?
উ.৪৩. না।

প্র.৪৪. একজন সম্ভাবনাময় আবেদনকারী যে-কোনো কলেজ বিষয়ে বিস্তারিত তথ্য কি করে পাবে?
উ.৪৪. একজন সম্ভাব্য আবেদনকারী যে-কোনো কলেজের / উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে সব তথ্য পেতে পারে। ইউ. জি. সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে ওয়েবসাইট অ্যাড্রেস পাওয়া যাবে।

প্র.৪৫. আবেদনকারী কিভাবে অ্যাডমিশন বাতিল করবে?
উ.৪৫. অ্যাডমিশন বাতিল করবার একটা অপশন আছে। আবেদনকারী যদি নিশ্চিতভাবেই অ্যাডমিশন বাতিল করতে চায়, তাহলে সে 'ক্যানসেল' বাটন প্রেস করবে। তারপরেই সিস্টেমে ব্যাপারটা প্রসেসড হবে।

প্র.৪৬. পোর্টালে অ্যাডমিশন বাতিল হ'তে এবং রিফান্ড প্রসেসড হ'তে কত সময় লাগে?
উ.৪৬. পোর্টালে অ্যাডমিশন শেষবার নোটিফায়েড হওয়া এবং তদনুযায়ী অ্যাডমিশন শেষ হওয়া পর্যন্ত সময় লাগে।

প্র.৪৭. পোর্টাল বন্ধ হ'বার পর কি আবেদনকারী অ্যাডমিশন বাতিল করতে পারে?
উ.৪৭. সেক্ষেত্রে আবেদনকারীকে সংশ্লিষ্ট কলেজ/ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে হবে, as per rules in force.

প্র.৪৮. প্রভিশনাল অ্যাডমিশন কাকে বলে?
উ.৪৮. অনলাইনে অ্যাডমিশন নিলে তা ততক্ষণ পর্যন্ত প্রভিশনাল, যতক্ষণ পর্যন্ত না

কলেজে ডকুমেন্ট গুলোর ফিজিক্যাল ভেরিফিকেশন হচ্ছে।

প্র.৪৯. আবেদনকারী কখন তার অ্যাডমিশন বিষয়ে সুনিশ্চিত হবে?
উ.৪৯.অ্যাডমিশন তখনই সুনিশ্চিত হবে, যখন আবেদনকারীর সব ডকুমেন্ট, সংশ্লিষ্ট কলেজের/ শিক্ষা প্রতিষ্ঠানের অথরিটির দ্বারা সঠিকভাবে ফিজিক্যালি ভেরিফায়েড হবে এবং বিশ্ববিদ্যালয়ের নিবন্ধীকরণ সম্পূর্ণ ও সফল হবে।

প্র.৫০. কলেজে ফিজিক্যাল ভেরিফিকেশনের সময়ে কোন কোন ডকুমেন্ট দরকার?
উ.৫০. সমস্ত আসল ডকুমেন্ট এবং এককপি সেলফ-অ্যাটেস্টেড ফোটোকপি প্রয়োজন। আসল ডকুমেন্টগুলো হচ্ছে--

- ডেট অব বার্থ প্রমাণের ডকুমেন্ট
- 10+2 র রেজিস্ট্রেশন সার্টিফিকেটের ডকুমেন্ট
- 10-য়ের মার্কশিট
- 10+2 র মার্কশিট
- রেসপেক্টিভ সোশ্যাল ক্যাটিগরি সার্টিফিকেট ( যদি প্রয়োজন হয়)
- PWD সার্টিফিকেট (যদি প্রয়োজন হয়)
- EWS সার্টিফিকেট
- পাশপোর্ট সাইজ ফোটোগ্রাফ
- বৈধ ফোটো আইডি প্রুফ
- আধার কার্ড
- জেলাস্তর/ রাজ্যস্তর/ জাতীয় স্তর/ আন্তর্জাতিক স্তরের স্পোর্টস সার্টিফিকেট (যে সব আবেদনকারীর ঐ ধরণের সার্টিফিকেট আছে)।

প্র.৫১. কলেজের ডকুমেন্ট ভেরিফিকেশন কখন হবে?
উ.৫১.অনলাইনের অ্যাডমিশন প্রক্রিয়া সম্পূর্ণ হ'লে (যা ইমেল / এস এম এস দ্বারা নোটিফায়েড হবে এবং নির্দিষ্ট কলেজ / শিক্ষা প্রতিষ্ঠানের ভেরিফিকেশনের তারিখগুলো ওয়েবসাইটে দেওয়া থাকবে।) কাজটি হবে।

প্র.৫২. BSK থেকে কি আবেদনকারীরা আবেদন করতে পারবে? কিভাবে করবে?
উ.৫২. হ্যাঁ। আবেদনকারীরা https://bsk.wb.gov.in. -- এই পেজটা দেখবে। সেন্ট্রালাইজড অনলাইন অ্যাডমিশন পোর্টালের হোমপেজেও বিস্তারিত তথ্য থাকবে।

প্র.৫৩. অ্যাডমিশনের কতগুলো পর্যায় আছে?
উ.৫৩. অ্যাডমিশনের প্রথম পর্যায়ে যা যা হবে--

- আবেদনকারী কর্তৃক নিবন্ধীকরণ

- প্রোফাইল তৈরি করা
- আবেদনপত্র এবং **প্রেফারেন্স লিস্ট** তৈরি করা
- শিক্ষা প্রতিষ্ঠান অনুযায়ী মেরিট লিস্ট এবং অ্যালোকেশন লিস্ট প্রকাশ করা
- আবেদনকারী কর্তৃক অ্যাডমিশন নেওয়া
- **একটি আপগ্রেড রাউণ্ড**
- শিক্ষা প্রতিষ্ঠান অনুযায়ী মেরিট লিস্ট এবং অ্যালোকেশন লিস্টের **একটি** আপগ্রেড রাউন্ড প্রকাশ করা
- আপগ্রেড রাউন্ডে ছাত্র/ছাত্রী দের অ্যাডমিশন নেওয়া।

শেষ এবং **মপ আপ ফেজের** (খালি **আসন** কতগুলো আছে, তার উপর নির্ভর করবে) যা যা হবে--

- নবাগত আবেদনকারীদের নিবন্ধীকরণ
- নবাগত আবেদনকারীদের প্রোফাইল এবং প্রেফারেন্স লিস্ট তৈরি
- সেই আবেদনকারীদের প্রেফারেন্স লিস্ট তৈরি, যাদের (**প্রথম ফেজে আসন বরাদ্দ হয় নি/ আসন বরাদ্দ হয়েছে কিন্তু তারা ভর্তি হয় নি/ ভর্তি হয়েছে কিন্তু পরবর্তীকালে ভর্তি বাতিল করেছে)**
- **মপ আপ ফেজের** শিক্ষা প্রতিষ্ঠান অনুযায়ী মেরিট লিস্ট এবং অ্যালোকেশন লিস্ট প্রকাশ করা
- **মপ আপ ফেজের** ছাত্রছাত্রীদের অ্যাডমিশন
- **মপ আপ ফেজের আপগ্রেড রাউণ্ড**
- শিক্ষা প্রতিষ্ঠান অনুযায়ী **মপ আপ ফেজের আপগ্রেড রাউন্ডের** মেরিট লিস্ট **এবং** অ্যালোকেশন লিস্ট প্রকাশ
- **মপ আপ ফেজের আপগ্রেড রাউণ্ডে** ছাত্রছাত্রীদের অ্যাডমিশন

।।পেমেন্ট সম্পর্কিত অনুসন্ধান।।

প্র.১.ইউ জি সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে নিবন্ধীকরণের জন্য কোনো ফীজ্ লাগবে কি?
উ.১. না। ইউ জি সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালে নিবন্ধীকরণের জন্য বা আবেদন করবার জন্য কোনো ফীজ্ লাগবে না।

প্র.২.নির্বাচিত হওয়ার পর, আবেদনকারী কিভাবে ভর্তি হবে?
উ.২.আবেদনকারীকে লগ ইন ক'রে, অনলাইনে প্রয়োজনীয় অ্যাডমিশন ফীজ্ জমা দিতে

হবে।

প্র.৩. অ্যাডমিশন ফীজ্ কিভাবে জমা দেওয়া যাবে?
উ.৩.অনলাইনে নেট ব্যাঙ্কিং/ক্রেডিট কার্ড/ ডেবিট কার্ড ব্যবহার ক'রে, অথবা পেটিএম বা ফোনপে-র সাহায্যে পেমেন্ট করা যাবে।

প্র.৪.আবেদনকারী কিভাবে অ্যাডমিশন বাতিল করবে?
উ.৪.শেষ দফার অ্যাডমিশন সম্পূর্ণ হওয়ার সময়সীমা র মধ্যে (যা পোর্টালে নোটিফাই করা আছে), ড্যাশবোর্ডে 'ক্যানসেল অ্যাডমিশন ' ট্যাবটাতে ক্লিক করে আবেদনকারী অ্যাডমিশন বাতিল করতে পারবে।

প্র.৫. অ্যাডমিশন বাতিল করলে, আবেদনকারী কিভাবে তার অ্যাডমিশন ফীজ্ ফেরৎ পাবে?
উ.৫. নির্দিষ্ট সময়ের মধ্যে অ্যাডমিশন বাতিল করলে অ্যাডমিশন ফীজ্ ফেরৎ দেওয়া হবে। আবেদনকারীর প্রোফাইলে যে ব্যাঙ্ক অ্যাকাউন্টের উল্লেখ থাকবে, ফেরৎ টাকা সেখানেই ট্রান্সফার করে দেওয়া হবে।

প্র.৬.অন্য কারোর ব্যাঙ্কের বিস্তারিত তথ্য দিয়ে আবেদনকারী কি ঐ একাউন্টে টাকা ফেরৎ পেতে পারে?
উ.৬.পারে। তবে, আবেদনকারীর নিজের অ্যাকাউন্ট থাকাটাই বাঞ্ছনীয়।

প্র.৭.যদি কোনো আবেদনকারী আমাদের জানায় যে, তার টাকা transaction fail করেছে অথবা অনলাইন পেমেন্ট করবার সময়ে দু'বার টাকা জমা পড়ে গেছে, তাহলে সেক্ষেত্রে আমরা কি ব্যবস্থা নিয়ে থাকি?
উ.৭. অবিলম্বে এটা পশ্চিমবঙ্গ উচ্চশিক্ষা
টীমকে জানাতে হবে ( ই মেল আইডি : support@wbcap.in/, 9147052383, 9147052384, 9147052385, Landline 03323245964) যাতে তাঁরা উপযুক্ত ব্যবস্থা নিতে পারেন।

**আপগ্রেডেশন বিষয়ক অনুসন্ধান**

প্র.১.আপগ্রেডেশন কি?
উ.১. আপগ্রেডেশন **এমন** একটা পদ্ধতি, **যা বেছে নিলে আসন খালি থাকলে আপগ্রেড**

রাউন্ডে আবেদনকারী ইতিমধ্যেই ভর্তি হওয়া তার বর্তমান প্রেফারেন্সের চেয়ে উচ্চতর প্রেফারেন্সের আসনে ভর্তি হতে পারবে।

প্র.২.কখন, আগেই ভর্তি হওয়া কোনো আবেদনকারী আপগ্রেডেশন পদ্ধতি গ্রহণ করতে পারবে না?
উ.২.যদি আবেদনকারী তার ফার্স্ট প্রেফারেন্সের সীটে ভর্তি হয়ে থাকে, তাহলে সে আপগ্রেড করতে পারবে না।

প্র.৩.যদি কোনো আবেদনকারী তার অ্যালোকেটেড সীটে ভর্তি না হয়, তাহলে কি সে আপগ্রেডেশনের সুযোগ পাবে?
উ.৩.না। যে আবেদনকারী ভর্তিই হয়নি, সে যদি কোনো মপ আপ রাউণ্ড না থাকে তা ছাড়া কোনো আপগ্রেডেশনের সুযোগ পাবে না ,
প্র.৪.কোন সীটগুলি আপগ্রেডেশনের জন্য গণ্য হবে?
উ.৪. যে সীট গুলোতে কেউ ভর্তি হয়নি,বা আগে ভর্তি হওয়ার পর বাতিল করেছে- সেই সীট গুলোই আপগ্রেডেশন রাউন্ডের জন্য গণ্য হবে।

প্র.৫.
উ.৫.প্রভিশনালি ভর্তি হওয়া কোনো আবেদনকারী যদি আপগ্রেডেশন অপ্ট করে, এবং আপগ্রেড রাউন্ডে হায়ার প্রেফারেন্সে সীট পায়, তবে তাকে আপগ্রেডেড সীটে ভর্তির সময়ে yes বাটনে ক্লিক করতে হবে-- যাতে তার আগের ভর্তি -হওয়া সীটটা খালি হয়।
আর যদি সে আপগ্রেডেড সীটে ভর্তি হতে না চায়, তবে তার আগের অ্যাডমিশনটাই বজায় থাকবে।

প্র.৬.ভর্তি প্রক্রিয়ায়, যদি কোনো আবেদনকারী কোনো একটি রাউন্ডে কোনো সীট না পায়, তাহলে কি তার পরবর্তী রাউন্ডে
অ্যালোকেশনের জন্য অপেক্ষা করা উচিৎ?
উ.৬.হ্যাঁ। মপ আপ রাউন্ডে সে তার প্রেফারেন্স লিস্ট অল্টার করতে পারবে, তবে তা সীট খালি থাকার উপর নির্ভর করবে।

প্র.৭.কোনো আবেদনকারী কোনো শিক্ষা প্রতিষ্ঠানে একটি সীটের জন্য অ্যালোকেটেড হলে, ভর্তি হওয়াটা কি ম্যান্ডেটরি?
উ.৭. হ্যাঁ। পোর্টালে, তার ক্যান্ডিডেচারে যদি কোনো সীট অ্যালটেড হয়, তবে তার ভর্তি হওয়াটা ম্যান্ডেটরি। অবশ্য, সে মপ আপ রাউন্ডের জন্য নতুনভাবে আবেদন

করতে পারে-- যদি সীট খালি থাকে।

প্র.৮.আবেদনকারী যে আপগ্রেডেশনে ইচ্ছুক, এই কথাটা পোর্টালে কোথাও উল্লেখ করতে হয়? না কি তা আপনা থেকেই হয়ে যায়?
উ.৮. না, তা আপনা থেকেই হয়ে যায় না। আবেদনকারীকে আপগ্রেডেশন বাটনে ক্লিক করতে হয়।

।।টেকনিক্যাল অনুসন্ধান।।

প্র.১.আংশিকভাব তথ্য এন্টার করবার পর আবেদনকারী কি তার প্রোফাইল সেভ করতে পারে?
উ.১.হ্যাঁ, পারে। প্রোফাইলে সাতটি ভাগ বা সাতটি ট্যাব আছে। যথা, ব্যক্তিগত তথ্য, ঠিকানা, অতিরিক্ত তথ্য, রেজাল্ট, ডকুমেন্টস বা সমস্ত প্রমাণপত্র, প্রিভিউ (অর্থাৎ আগেই সবকিছু একবার চেক করে নেওয়া), ইত্যাদি। তথ্য এন্টার করবার পর আবেদনকারী প্রতিটি ভাগ বা ট্যাব সেভ করতে পারে।

প্র.২. প্রোফাইল তৈরির সময়ে সেটির আকৃতি কিরকম হবে? তা আপলোড করবার নেচারটাই বা কিরকম হবে?
উ.২. অ. জন্মতারিখের প্রমাণপত্রের স্ক্যানড কপি (পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2 MB)
আ.10+2 র রেজিস্ট্রেশন সার্টিফিকেটের স্ক্যানড কপি (পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2 MB)
ই.10 য়ের মার্কশিটের স্ক্যানড কপি (পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2MB)
ঈ. 10+2 য়ের মার্কশিটের স্ক্যানড কপি ( পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2MB)
উ. সোশ্যাল ক্যাটিগরি সার্টিফিকেটের (প্রাসঙ্গিক ক্ষেত্রে) স্ক্যানড কপি (পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2MB)
ঊ. PWD সার্টিফিকেটের স্ক্যানড কপি (প্রাসঙ্গিক ক্ষেত্রে)-(পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2MB)
ঋ. EWS সার্টিফিকেটের স্ক্যানড কপি (প্রাসঙ্গিক ক্ষেত্রে)-(পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2MB)
এ. আবেদনকারীর স্ক্যানড ফোটোগ্রাফ( পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2MB)
ঐ. আবেদনকারীর স্ক্যানড স্বাক্ষর (পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2MB)
ও. ব্যাঙ্কের পাশবুকের / ক্রসড চেকের/ ব্যাঙ্ক স্টেটমেন্টের স্ক্যানড কপি (পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2MB)
ঔ. বৈধ ফোটো আইডি প্রুফের স্ক্যানড কপি (পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2MB)

ক. যদি আবেদনকারীর জেলা/ রাজ্য/ জাতীয় /আন্তর্জাতিক স্তরের স্পোর্টস সার্টিফিকেট থাকে, তবে সেগুলোর স্ক্যানড কপি (পিডিএফ ফর্ম্যাট, সর্বাধিক 2MB)।

প্র.৩. পোর্টালে নিবন্ধীকরণের সময়ে আবেদনকারী কতগুলো সিস্টেম জেনারেটেড ওটিপি পাবে?
উ.৩. আবেদনকারী দু'টি ওটিপি পাবে-- একটি পাবে মোবাইলে, অপরটি পাবে ইমেলে।

প্র. ৪. নিবন্ধীকরণের পর আবেদনকারী যখন লগ ইন করে প্রোফাইলে তথ্য ভরবে, তখন সে কতগুলো সিস্টেম জেনারেটেড ওটিপি পাবে?
উ.৪. ঐ একই ওটিপি পাবে আবেদনকারী - পাবে তার মোবাইলে এবং ইমেলে।

প্র.৫. যদি পোর্টালে অ্যাডমিশনের সময়ে পেমেন্ট ফেল করে, তবে আবেদনকারী কি করবে?
উ.৫. তখন আবেদনকারী অবিলম্বে পশ্চিমবঙ্গ রাজ্য উচ্চশিক্ষা সংসদকে এই বিষয়টা জানাবে-- (Email:support@webcap.in, যোগাযোগের নম্বর-9147052383,9147052384,9147052385,Landline no 03323245964)

প্র.৬. একবার প্রেফারেন্স লিস্ট তৈরি করবার পর আবেদনকারী কি তা অল্টার করতে পারে?
উ.৬. পারে। পোর্টালের অ্যাপ্লিকেশন উইন্ডো যতক্ষণ না বন্ধ হচ্ছে, ততক্ষণ পর্যন্ত আবেদনকারী তার প্রেফারেন্স লিস্ট অল্টার করতে পারে।

প্র.৭.নিবন্ধীকরণের পর আবেদনকারী কিভাবে লগ ইন করবে?
উ.৭. নিবন্ধীকরণের পর সিস্টেম থেকে একটা লগ ইন আইডি জেনারেটেড হবে ,যেটা আসলে আবেদনকারীর ইমেল আইডি। পরে, আবেদনকারী ইচ্ছা করলে ঐ লগ ইন আই ডি বদলে দিতে পারবে। আবেদনকারীকে একটা পাসওয়ার্ড-ও দেওয়া হবে, যেটা সে পরে লগ ইন করবার সময়ে ব্যবহার করবে।

প্র.৮.পোর্টালের পাসওয়ার্ড পলিসিটা কি?
উ.৮. যখন লগ ইনের জন্য একটা পাসওয়ার্ড তৈরি করা হবে, তখন আবেদনকারীকে কয়েকটি পয়েন্ট খেয়াল রাখতে হবে :

- অন্ততপক্ষে একটি আপার কেস থাকবে ( A,B,C,D...)
- অন্ততপক্ষে একটি লোয়ার কেস থাকবে (a,b,c,d...)
- অন্ততপক্ষে একটি ডিজিট থাকবে (1,2,3,4...)

- অন্ততপক্ষে একটি স্পেশাল ক্যারেক্টার থাকবে ( !,@,#,$,%,* )
- অন্ততপক্ষে,এটির দৈর্ঘ্যে ৬-টি ক্যারেক্টার থাকবে
- এটির দৈর্ঘ্যে সর্বাধিক ১৬-টি ক্যারেক্টার থাকবে।

প্র.৯.পোর্টালে নিবন্ধীকরণের সময়ে, মোবাইল নম্বর কি ম্যান্ডেটরি?
উ.৯.হ্যাঁ। আবেদনকারীদের উপদেশ দেওয়া হচ্ছে, যে, তারা যেন অনলাইন অ্যাডমিশনের পুরো পদ্ধতি টা চলবার সময়ে মোবাইল নম্বর না বদলায়। কারণ, তার ফলে পোর্টাল থেকে, নানা সময়ে জরুরী খবরাখবর পাওয়া যাবে না।

প্র.১০. একাধিক আবেদনকারী কি একই মোবাইল নম্বর ব্যবহার করতে পারে?
উ.১০.না।

প্র.১১. আবেদনকারীর পক্ষে ইমেল আইডি কি ম্যান্ডেটরি?
উ.১১.হ্যাঁ।

প্র.১২.একাধিক আবেদনকারী কি একই ইমেল আইডি ব্যবহার ক্যতে পারে?
উ.১২. না।

প্র.১৩. অ্যালোকেশন লিস্ট কিভাবে জেনারেটেড হয়?
উ.১৩. একজন আবেদনকারী, মেরিট লিস্ট অনুযায়ী এবং তার মেরিট ইনডেক্স ও প্রেফারেন্স লিস্ট অনুযায়ী একটি নির্দিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানে, একটি নির্দিষ্ট কোর্সের একটিমাত্র স্থানে অ্যালোকেটেড হতে পারে।

প্র.১৪. UR এবং PWD ক্যাটিগরিতে সীট অ্যালটমেন্ট কিভাবে হয়?
উ.১৪.উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান/প্রোগ্রাম অনুযায়ী, মেরিট আর প্রেফারেন্স অনুসারে সীট অ্যালটমেন্ট হয় ।
প্রথমে সোশ্যাল ক্যাটিগরি নিরপেক্ষ ভাবে,সব UR সীট আবেদনকারীদের জন্য অ্যালোকেটেড হয়।
1) PED আবেদনকারীরা নিজেদের বরাদ্দ সীটে স্থান পায়
2) PWD ছাড়া অন্য আবেদনকারীরা সাধারণ UR সীটে স্থান পায়।

প্র.১৫.রিজার্ভড ক্যাটিগরির সীট অ্যালটমেন্ট কিভাবে হয়?
উ.১৫.রিজার্ভড ক্যাটিগরির ক্যান্ডিডেটরা যদি SC ,ST, OBC- A, OBC -B র অন্তর্ভুক্ত হয় এবং একটা UR সীটে মেরিটের দ্বারা EWS যদি অ্যালটেড হয়, তবে ঐ একই আবেদনকারীর তার রেসপেক্টিভ ক্যাটিগরির রিজার্ভড সীট অ্যালটেড হয়, তাহলে,

সম্ভবপর ক্ষেত্রে ঐ একই আবেদনকারীর নামে একই কোর্সে এবং একই কলেজে বা প্রতিষ্ঠানে দু'টি সীট অ্যালটেড হয়। এক্ষেত্রে প্রভিশনাল অ্যাডমিশনের সময়ে আবেদনকারীকে যে কোনো একটা সীট অপ্ট করতে হবে।

প্র.১৬. PWD এবং ডিফারেন্টলি এবলড আবেদনকারীদের র্‍্যাঙ্কিং কিভাবে হয়?
উ.১৬.এদের জন্য কোনো আলাদা র্‍্যাঙ্ক জেনারেটেড হয় না। যাই হোক, সরকারী নিয়ম অনুযায়ী সব ক্যাটিগরিতেই হরাইজন্টাল রিজার্ভেশন থাকবে PWD আবেদনকারীদের জন্য।
তাই PWD র ক্যাটিগরি অনুযায়ী মেরিট লিস্ট প্রকাশিত হবে।

প্র.১৭.একজন আবেদনকারী তার GMR, CMR এবং সীট অ্যালটমেন্ট বিষয়ে কিভাবে জানবে?
উ১৭. নিজের অ্যালটমেন।ট জানবার ছনৃয আবেদনকারী লগ ইন করবে। 'View All' ট্যাবে আবেদনকারীর ইনস্টিটিউট এবং কোর্সের অ্যালটমেন্ট স্ট্যাটাস দেখা যাবে। আবেদনকারী প্রেফারেন্স লিস্টে সব আবেদনপত্রের GMR এবং CMR দেখতে পাবে।

প্র.১৮.আবেদনকারী কি আবেদনপত্রে এবং প্রোফাইলে কোনো তথ্য বদলাতে বা এডিট করতে পারবে?
উ.১৮. যারা নিবন্ধীকরণ প্রসেসে ঢুকে গেছে, তারা বাদে অন্যরা ফর্ম সাবমিশনের শেষ তারিখ পর্যন্ত তথ্য বদলানো বা এডিট করতে পারবে। যদি আবেদনকারীর রেজাল্ট এবং মাতৃভাষা বিষয়ক তথ্য প্রোফাইলে
এডিট করা হয়,তবে আবেদনকারীকে নতুন প্রেফারেন্স লিস্ট বানাতে হবে।

প্র.১৯. নিবন্ধীকরণের সময়ে আবেদনকারী যদি এমন ভুল করে( রেজিস্ট্রেশন নম্বর, পাসিং ইয়ার, ইমেল আইডি, মোবাইল নম্বর, কাস্ট ক্যাটিগরি), যা এডিট করা যাবে না- তার প্রতিকার কি?
উ.১৯. আবেদনকারী নিবন্ধীকরণ ক্যানসেলেশনের জন্য হেল্পলাইনে ফোন করবে ,তারপর নতুনভাবে আবেদন করবে। হেল্পলাইন নম্বর--
-9147052383,9147052384,=9147052385,03323245964 ল্যান্ডলাইন।

প্র.২০. একটি বিশেষ কোর্স বা শিক্ষা প্রতিষ্ঠানে আবেদনকারী কিভাবে অ্যালোকেটেড হবে?
উ.২০.হায়েস্ট অ্যাভেলেবল প্রেফারেন্স,যা মেরিট র্‍্যাঙ্ক এবং অ্যাভেলেবিলিটি অফ সীটের ওপর নির্ভর করে, তদনুযায়ী আবেদনকারী অ্যালোকেটেড হবে।

প্র.২১.অ্যাডমিশন বাতিল করলে আবেদনকারী কখন টাকা ফেরৎ পাবে?
উ.২১. ঐ কোর্সের অ্যাডমিশন শেষ হলে সে টাকা ফেরৎ পাবে।

প্র.২২.অ্যাডমিশন বাতিল এবং টাকা ফেরৎ পাওয়ার ব্যাপারটা পোর্টালে কিভাবে ঘটবে?
উ.২২.'ক্যানসেল অ্যাডমিশন'ট্যাবে ক্লিক করতে হবে। এজন্য অ্যাডমিশন শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে।

প্র.২৩.আবেদনকারী যদি আবেদনের সময়ের মধ্যে প্রেফারেন্স লিস্ট দিতে ভুলে যায়, তবে কি আবেদনকারী বর্তমান সেশনে ভর্তি হতে পারবে?
উ.২৩. না। প্রেফারেন্স লিস্ট বিহীন আবেদনপত্র বাতিল ল হবে। তবে, আবেদনকারী অপশন পাবে, যাতে সে মপ আপ রাউন্ডে প্রেফারেন্স যোগ করতে পারে, অবশ্য যদি তখন সীট অ্যাভেলেবল থাকে।

প্র.২৪.পোর্টালে কি কোনো অ্যালার্ট পপ আপ আসবে, যখন আবেদনকারী Cancel Admission বাটন ক্লিক করবে?
উ.২৪. হ্যাঁ।

প্র.২৫. যদি কারণ থাকে ,তবে আবেদনকারী কি ডকুমেন্ট রি আপলোড করতে পারবে?
উ.২৫. হ্যাঁ। নতুন ডকুমেন্ট রি আপলোড করতে পারবে।

প্র.২৬.সিস্টেম কি কোনো স্পেশাল ক্যারেক্টার অ্যালাও করবে?
উ.২৬. না।